

সরল বাক্য থেকে জটিল বাক্য রূপান্তর

১. সরল : সংবাদটি শুনে সে বিস্মিত হল।

জটিল : যখন সে সংবাদটি শুনল তখন সে বিস্মিত হল।

২. সরল : বলেই সে বাড়িমুখো রওনা দিল।

জটিল : যেমনি বলল অমনি সে বাড়িমুখো রওনা দিল।

৩. সরল : বিজ্ঞানীরা ভূত বিশ্বাস করেন না।

জটিল : যারা বিজ্ঞানী তাঁরা ভূত বিশ্বাস করেন না।

৪. সরল : দিলে নিয়ো।

জটিল : যদি দেয় তবে নিয়ো।

৫. সরল : কর্ম অনুসারে ফল।

জটিল : যেমন কর্ম তেমন ফল।

জটিল বাক্য থেকে সরল বাক্য রূপান্তর

১. জটিল : যিনি কাল এসেছিলেন তিনি একজন ডাক্তার।

সরল : কাল একজন ডাক্তার এসেছিলেন।

২. জটিল : যখন রাত হবে তখন আলো জ্বলবে।

সরল : রাত হলে এল জ্বলবে।

৩. জটিল : যদিও সে অসুস্থ তবুও স্কুলে গেল।

সরল : অসুস্থতা অবস্থায় সে স্কুলে গেল।

৪. জটিল : যে পড়াশোনা করে সেই জ্ঞানী।

সরল : পড়াশোনা করা ব্যক্তি জ্ঞানী।

৫. জটিল : যে দেখেছে সেই আশ্চর্য হয়েছে।

সরল : দর্শক মাত্রই আশ্চর্য হয়েছে।

সরল বাক্য থেকে যৌগিক বাক্য রূপান্তর

১. সরল : ভোরে উঠে ভ্রমণ করবে।

যৌগিক : ভোরে উঠবে এবং ভ্রমণ করবে।

২. সরল : বয়সে ছোট হলেও তার বুদ্ধি প্রখর।

যৌগিক : বয়সে ছোট কিন্তু তার বুদ্ধি প্রখর।

৩. সরল : টিভি দেখলেও বেশিক্ষণ দেখবে না।

যৌগিক : টিভি দেখবে কিন্তু বেশিক্ষণ নই।

৪. সরল : বাড়ি গিয়েই ভাত খাব।

যৌগিক : বাড়ি যাব এবং ভাত খাব।

৫. সরল : জোরে না বললে কেউ শুনতে পাবে না।

যৌগিক : জোরে বলো নাহলে কেউ শুনতে পাবে না।

যৌগিক বাক্য থেকে সরল বাক্য রূপান্তর

১. যৌগিক : সন্ধ্যা হবে এবং ফিরব।

সরল : সন্ধ্যা হলে বাড়ি ফিরব।

২. যৌগিক : স্টেশন এলাম আর ট্রেনটা ছেড়ে দিল।

সরল : স্টেশনে এলেই ট্রেনটা ছেড়ে দিল।

৩. যৌগিক : সূর্য ওঠে এবং কুয়াশা দূর হয়।

সরল : সূর্য উঠলে কুয়াশা দূর হয়।

৪. যৌগিক : যেতে পারি কিন্তু কেন যাব।

সরল : যেতে পারলেও কেন যাব।

৫. যৌগিক : মুষলধারে বৃষ্টি হচ্ছে তাই রাস্তায় জল জমবে।

সরল : মুষলধারে বৃষ্টি হচ্ছে বলে রাস্তায় জল জমবে।

জটিল বাক্য থেকে যৌগিক বাক্য রূপান্তর

১. জটিল : যদিও বর্ষাকাল তবুও মেঘের দেখা নেই।

যৌগিক : বর্ষাকাল কিন্তু মেঘের দেখসা নেই।

২. জটিল : যখন দেবে তখন নেবে।

যৌগিক : দেবে এবং নেবে।

৩. জটিল : যেই বৃষ্টি এল সেই ব্যাঙের ডাক শুরু হল।

যৌগিক : বৃষ্টি এল এবং ব্যাঙের ডাক শুরু হল।

৪. জটিল : যদিও এটা জঙ্গল তবুও মানুষ বাস করে।

যৌগিক : এটা জঙ্গল কিন্তু মানুষ বাস করে।

৫. জটিল : যেহেতু সে পড়াশোনা করে সেহেতু সকলে তাকে ভালোবাসা।

যৌগিক : সে পড়াশোনা করে, তাই সকলে তাকে ভালোবাসে।

যৌগিক থেকে জটিল বাক্য রূপান্তর

১. যৌগিক : রোদ উঠেছে, তাই খেলতে যাব।

জটিল : যেহেতু রোদ উঠেছে সেহেতু খেলতে যাব।

২. যৌগিক : কাদা কিন্তু রাস্তাটি চওড়া।

জটিল : যদিও কাদা তবুও রাস্তাটি চওড়া।

৩. যৌগিক : এখন রাত, তাই বাইরে যেও না।

জটিল : যেহেতু এখন রাত সেহেতু বাইরে যেও না।

৪. যৌগিক : লোকটি সরল অথচ জ্ঞানী।

জটিল : যদিও লোকটি সরল তথাপি সে জ্ঞানী।

৫. যৌগিক : বুঝবে তারপর লিখবে।

জটিল : যখন বুঝবে তখন লিখবে।